

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৫৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২. ইমাম হওয়ার যোগ্য লোক

بَابُ : مَنْ أَحَقُّ بِالْإِمَامَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو حَامِدٍ مُحَمَّدُ بْنُ هَارُونَ الْحَضْرَمِيُّ ، ثَنَا الْمُنْذِرُ بْنُ الْوَلِيدِ ، نَا يَحْيَى بْنُ زَكَرِيَّا بْنِ دِينَارٍ الْأَنْصَارِيُّ ، نَا الْحَجَّاجُ ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ رَجَاءٍ ، عَنْ أَوْسِ بْنِ ضَمْعَج ، عَنْ عُقْبَةَ بْنِ عَمْرٍ و ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ : " يَوُمُّ الْقَوْمَ أَقْدَمُهُمْ فِي الدِّينِ ، وَإِنْ كَانُوا فِي الْهِجْرَةِ سَوَاءً فَأَفْقَهُهُمْ فِي الدِّينِ ، وَإِنْ كَانُوا فِي الدِّينِ سَوَاءً فَأَقْتَهُهُمْ فِي الدِّينِ ، وَإِنْ كَانُوا فِي الدِّينِ سَوَاءً فَأَقْتَهُهُمْ فِي الدِّينِ ، وَلا يُؤمُّ الرَّجُلَ فِي سُلْطَانِهِ ، وَلَا يُقْعَدُ عَلَى تَكْرِمَتِهِ إِلَّا بِإِذْنِهِ " . وَكَانَ يُسَوِّي مَنَاكِبَنَا فِي الصَّلَاةِ وَيَقُولُ : " لَا تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ ، لِيَلِنِي مِنْكُمْ أُولُو يُسَوِّي مَنَاكِبَنَا فِي الصَّلَاةِ وَيَقُولُ : " لَا تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ ، لِيَلِنِي مِنْكُمْ أُولُو الْأَحْلَامِ وَالنَّهَى ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ

বাংলা

১০৫৮(১). আবু হামেদ মুহাম্মাদ ইবনে হারন আল-হাদরামী (রহঃ) ... উকবা ইবনে আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সর্বাগ্রে হিজরত করেছে সে জনগণের (নামাযে) ইমামতি করবে। যদি হিজরতের বেলায় তারা সমান হয় তাহলে তাদের মধ্যে যে ব্যক্তি দীন ইসলাম সম্পর্কে সর্বাধিক জ্ঞাত সে (ইমামতি করবে)। যদি দীনের জ্ঞানে তারা সমকক্ষ হয় তাহলে তাদের মধ্যে যে ব্যক্তি আল-কুরআনের জ্ঞানে অগ্রগামী (সে ইমামতি করবে)। কোন ব্যক্তি যেন অপরের প্রভাবাধীন এলাকায় তার সম্মতি ব্যতীত ইমামতি না করে এবং তার জন্য নির্দিষ্ট আসনে না বসে। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম নামাযের কাতারে আমাদের কাধ সমান্তরাল করতেন এবং বলতেনঃ তোমরা (কাতারে) বিশৃংখল হয়ো না, অন্যথায় তোমাদের অন্তরগুলো পরস্পর বিভেদের শিকার হবে। তোমাদের মধ্যকার প্রজ্ঞাবান ও বিচক্ষণ ব্যক্তিগণ যেন (নামাযে) আমার নিকটবর্তী হয়ে দাঁড়ায়, তারপর তাদের কাছাকাছি পর্যায়ের প্রজ্ঞাবান ও বিচক্ষণ ব্যক্তিগণ (দাঁড়াবে)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ প্নঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন